

## Higher Secondary 2019 Economics Suggestion

Downloaded From [www.WebExam.in](http://www.WebExam.in)

Date of Exam: 11th March 2019

- =====
1. চাহিদা নিয়মের যে কোনো দুটি ব্যতিক্রম উল্লেখ করো। চাহিদা সূত্রটি বিবৃত করো। ব্যক্তিগত চাহিদার নির্ধারণকারী দুটি বিষয় লেখো। ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ বিধির সংজ্ঞা দাও। গিফন দ্রব্যের সংজ্ঞা দাও। চাহিদার পরিমাণে পরিবর্তন বলতে কী বোঝায়?
  2. সম্পূর্ণ অস্থিতিস্থাপক চাহিদার অর্থ কি? চাহিদার আয়গত স্থিতিস্থাপকতা কাকে বলে? সম্পূর্ণ স্থিতিস্থাপক ও সম্পূর্ণ অস্থিতিস্থাপক চাহিদা রেখা অংকন করে দেখাও। চাহিদার পারস্পরিক দাম স্থিতিস্থাপকতার সংজ্ঞা দাও। চাহিদার স্থিতিস্থাপকতা নির্ধারণকারী দুটি বিষয় উল্লেখ করো।
  3. মোট উৎপাদন, গড় উৎপাদন ও প্রান্তিক উৎপাদন এর মধ্যে সম্পর্কটি চিত্রসহ আলোচনা করো। বৃহদায়তন উৎপাদনে যে অভ্যন্তরীণ ও বাহ্যিক ব্যয় সংকোচের উদ্ভব হয় তা উদাহরণসহ ব্যাখ্যা করো। বৃহদায়তন ফার্মের ব্যয় বৃদ্ধি জনিত অসুবিধা গুলি আলোচনা করো।
  4. উৎপাদনের গড় ও প্রান্তিক ব্যয়ের মধ্যে সম্পর্কটি লেখো। ফার্মের গড় ব্যয় বলতে কী বোঝায়? স্থিতি ব্যয় ও পরিবর্তনীয় ব্যয় এর পার্থক্য লেখো। ফার্মের স্বল্পকালীন গড় ব্যয় রেখা U আকৃতির হয় কেন? TC রেখা থেকে কিভাবে MC রেখা পাওয়া যাবে?
  5. ফার্মের প্রান্তিক আয়, দাম ও চাহিদার স্থিতিস্থাপকতার মধ্যে সম্পর্কটি লেখো। মোট রেভিনিউ রেখার ঊর্ধ্বগামী অংশ প্রান্তিক রেভিনিউ রেখার কিরূপ হবে চিত্রসহ লেখো। দাম স্থির থাকলে/পরিবর্তন হলে AR ও MR রেখার সম্পর্ক চিত্রসহ আলোচনা করো। মোট বিক্রয়লব্ধ আয়ের রেখার ঊর্ধ্বমুখী ও নিম্নমুখী অংশে প্রান্তিক আয় কিরূপ হবে?
  6. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে ফার্মের দীর্ঘকালীন/স্বল্পকালীন ভারসাম্য আলোচনা করো। দেখাও যে, কিভাবে পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে মোট চাহিদা ও যোগানের ঘাত-প্রতিঘাতের মাধ্যমে একটি দ্রব্যের দাম নির্ধারিত হয়।
  7. খাজনার আধুনিক তত্ত্বটি সংক্ষেপে ব্যাখ্যা করো। যেকোনো উৎপাদনের আয়ের মধ্যে কিভাবে খাজনার অংশ থাকতে পারে ব্যাখ্যা করো। আর্থিক মজুরি ও প্রাকৃতিক মজুরির মধ্যে পার্থক্য লেখো। রিকার্ডোর খাজনা তত্ত্ব ও আধুনিক খাজনা তত্ত্বের পার্থক্য গুলি লেখো। শ্রমের প্রান্তিক উৎপাদনশীলতা দ্বারা কিভাবে মজুরি হার নির্ধারিত হয়?
  8. জাতীয় আয় পরিমাপের মূল্য যোগ পদ্ধতি ব্যাখ্যা করো। জাতীয় আয় পরিমাপের সমস্যা গুলি আলোচনা করো। জাতীয় আয় পরিমাপের শুমারি পদ্ধতি আলোচনা করো। ও কেন্দ্রীয় ব্যাংকের কার্যাবলী আলোচনা করো। কেন্দ্রীয় ব্যাংকের বিভিন্ন ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতি আলোচনা করো।
  9. বাণিজ্যিক ব্যাংকের ব্যাংকার হিসেবে কেন্দ্রীয় ব্যাংক কি কি কাজ করে? মুদ্রাস্ফীতি কি? রাজস্ব নীতি কাকে বলে? ঘাটতি বাজেট কাকে বলে? প্রসারমূলক রাজস্বনীতি কখন গ্রহণ করা হয়? ঘাটতি ব্যয় কি?
  10. বাণিজ্য উদ্বৃত্ত ও লেনদেন উদ্বৃত্তের মধ্যে তুলনা করো। "লেনদেন ব্যালেন্সে সকল সময়েই সমতা আছে"- এই উক্তিটি আলোচনা করো। লেনদেন উদ্বৃত্ত হিসাবে পাওনার দিক এবং দেনার দিকের অন্তর্গত বিভিন্ন বিষয় গুলি আলোচনা করো। লেনদেন ব্যালেন্স ভারসাম্য ও সমতার মধ্যে পার্থক্য লেখো।
  11. লোরেঞ্জ রেখার ধারণাটি ব্যাখ্যা কর এবং এই রেখার সাহায্যে কিভাবে আয় বৈষম্য পরিমাপ করা যায়? দারিদ্র রেখা কাকে বলে? ছদ্ম বেকারত্ব কি? মৌসুমী বেকারত্ব কাকে বলে? প্রযুক্তিগত বেকারত্ব কাকে বলে? ভারতবর্ষে দারিদ্রের কারণ উল্লেখ করো। প্রচ্ছন্ন বেকারত্ব কাকে বলে? ভারতে দারিদ্রের বিভিন্ন পরিমাপ গুলি আলোচনা করো।

12. WTO এর কাজ উল্লেখ করো। ভারতে বীমা পরিষেবা সীমিত প্রসারের দুটি কারণ নির্দেশ করো। বীমা ক্ষেত্রে সংস্কারের জন্য গৃহীত ব্যবস্থা উল্লেখ করো। জীবন বীমা ও সাধারণ বীমার মধ্যে পার্থক্য কি? সাধারণ বীমাকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয় কেন? বিশ্ব বাণিজ্য সংস্থার সদস্য হিসেবে ভারতের দুটি অসুবিধা উল্লেখ করো।

---

- *This Higher Secondary 2019 Economics Suggestion is the property of WebExam ([www.webexam.in](http://www.webexam.in)) and all rights reserved by WebExam.*
- *Suggestion means probable, here the most important questions are listed here.*
- *For any query visit our website or contact us through Facebook ([www.facebook.com/webexam.in](https://www.facebook.com/webexam.in)) or send us email at, [support@webexam.in](mailto:support@webexam.in)*
- *Download all subjects suggestion from the website, [WebExam.in](http://WebExam.in).*

WebExam.in